



নং- ৩৩.০২.৮৬৬৫.৫০১.৬৩.০০১.২১-১৯০

তারিখ: ১১/০৯/২০২২ খ্রিঃ

### কোটেশন বিজ্ঞপ্তি

এতদ্বারা প্রকৃত মৎস্য পোনা উৎপাদনকারী ও পোনা সরবরাহকারীগণকে জানানো যাচ্ছে যে, ২০২২-২০২৩ অর্থ বছরে দেশীয় প্রজাতির মাছ এবং শামুক সংরক্ষণ ও উন্নয়ন প্রকল্প, মৎস্য অধিদপ্তর, গোপালগঞ্জ এর অর্থায়নে জলমহাল, প্লাবনভূমি ও বর্ষাপ্লাবিত ধানক্ষেত এবং প্রাতিষ্ঠানিক জলাশয়ে রুই জাতীয় মাছের ও দেশীয় প্রজাতির অন্যান্য মাছের পোনা অবমুক্ত করার নিমিত্ত নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে নিজস্ব প্রতিষ্ঠানের প্যাডে সীল মোহরকৃত খামে কোটেশন আহ্বান করা যাচ্ছে। আগামী ১৮/০৯/২০২২ খ্রিঃ তারিখ রোজ রবি বার দুপুর ০৩.০০ ঘটিকার মধ্যে উপজেলা মৎস্য অফিসারের কার্যালয়, নড়িয়া, শরীয়তপুরে কোটেশন দাখিল করতে হবে এবং পরের দিন সকাল ১০.০০ ঘটিকায় উপস্থিত কোটেশনদাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) কোটেশন খোলা হবে এবং তাৎক্ষণিক মূল্যায়ন করা হবে।

### রুই জাতীয় ও দেশীয় মাছের পোনার কারিগরি বিনির্দেশ

| ক্রমিক<br>নং | পোনার প্রজাতি                   | সাইজ/আকার                  | সরবরাহকৃত<br>পোনার অনুপাত | প্রতি কেজি<br>পোনার একক দর<br>(টাকা) | প্রতি কেজি পোনার<br>গড় দর (টাকা) |
|--------------|---------------------------------|----------------------------|---------------------------|--------------------------------------|-----------------------------------|
| ১.           | রুই জাতীয়<br>পোনা মাছ          | রুই                        | ১০-১৩ সেঃ মিঃ             | ৪০%                                  |                                   |
|              |                                 | কাতলা                      | ১০-১৩ সেঃ মিঃ             | ২০%                                  |                                   |
|              |                                 | মৃগেল/ কালিবাউস<br>/ঘনিয়া | ১০-১৩ সেঃ মিঃ             | ৪০%                                  |                                   |
|              | মোট=                            |                            |                           | ১০০%                                 |                                   |
| ২.           | দেশীয় প্রজাতির<br>অন্যান্য মাছ | শিং                        | ৭-৯ সেঃ মিঃ               | ৫০%                                  |                                   |
|              |                                 | কৈ                         | ৩-৪ সেঃ মিঃ               | ৫০%                                  |                                   |
|              | মোট=                            |                            |                           | ১০০%                                 |                                   |

#### শর্তাবলী:

- ১। অত্র দপ্তরের কোটেশন ইস্যুর তারিখ ১১/০৯/২০২২ খ্রিঃ হতে ১৮/০৯/২০২২ খ্রিঃ তারিখ ১২.০০ ঘটিকা পর্যন্ত কোটেশন দলিল গ্রহন করা যাবে।
- ২। নির্ধারিত ১৮/০৯/২০২২ খ্রিঃ তারিখ ০৩ ঘটিকার পর কোন কোটেশন গ্রহন করা হবে না।
- ৩। বাজার দরের সংগে অসংগতি পূর্ণ কোটেশন বাতিল করার ক্ষমতা কোটেশন মূল্যায়ন কমিটি সংরক্ষণ করেন।
- ৪। কার্যাদেশ প্রাপ্তির পর নিজ খরচে নির্ধারিত জলাশয়ে অভ্যস্তকরণ পূর্বক জীবিত, সুস্থ, সবল পোনা সরবরাহ করতে হবে।
- ৫। কোটেশন দাতার হালনাগাদ ট্রেড লাইসেন্স, ভ্যাট ও আয়কর প্রত্যয়ন থাকতে হবে।
- ৬। কোটেশন দাতা প্রকৃত পোনা উৎপাদনকারী স্বপক্ষে নিজ উপজেলা মৎস্য অফিসার কর্তৃক প্রত্যয়ন থাকতে হবে।
- ৭। কোন কারণ দর্শানো ব্যতিরেকে কোটেশন মূল্যায়ন কমিটি যে কোন কোটেশন বাতিল করার ক্ষমতা রাখেন।

(মোঃ জাকির হোসেন মৃধা)  
উপজেলা মৎস্য কর্মকর্তা (অ.দা.)

ও

সদস্য সচিব  
উপজেলা বাস্তবায়ন কমিটি  
দেশীয় প্রজাতির মাছ এবং শামুক সংরক্ষণ ও  
উন্নয়ন প্রকল্প,  
নড়িয়া, শরীয়তপুর।  
টেলিফোনঃ ০২৪৭৮৮১৬০৯৪  
ufonaria@fisheries.gov.bd